

তারিখ: ... ..  
পৃষ্ঠা: ৩ ... কলাম: ৪

## ইউকসু অভিষেক স্মরণিকা ॥ শিক্ষামন্ত্রী বিবৃত ॥ বুয়েটে উত্তেজনা

স্বাক্ষর: সিপেটার ... ইউকসু অভিষেক স্মরণিকায় রাজাকারদের নিয়ে একটি বক্তব্য প্রকাশিত হওয়ায় বৃহস্পতিবার

### ইউকসু অভিষেক (প্রথম পাতার পর)

বিবৃত হয়েছেন শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক। তাঁর প্রতিক্রিয়া বুঝতে পেরে বুয়েটের ছাত্রদল কর্মীরা স্মরণিকা বাজেয়াফত করে। ছাত্রদল ও ঘাপটি মেরে থাকা শিবির কর্মীরা পুড়িয়ে ফেলে স্মরণিকার কয়েকটি কপি। বিষয়টি নিয়ে বুয়েটে তীব্র উত্তেজনা বিরাজ করছে। ইউকসু বার্ষিকী সম্পাদক ও ছাত্র ইউনিয়ন বুয়েট শাখার নেত্রী তাবাসসুম মাহজাবীন মুমুকে ছাত্রদল অবাঞ্ছিত ঘোষণা করেছে। জানা যায়, মুক্তিযুদ্ধের শহীদদের স্মৃতির উদ্দেশ্যে উৎসর্গকৃত ইউকসু অভিষেক স্মরণিকায় সম্পাদকীয়তে মুমু লিখেছেন, 'একাগুরের ঘাতক, পাকবাহিনীর দোসর আজ সংগঠিত হয়ে রাষ্ট্রীয় পদসমূহ দখল করেছে।' এই লেখা দেখে শিক্ষামন্ত্রী স্মরণিকাটি টেবিলের ওপর ছুড়ে ফেলেন বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। শিক্ষামন্ত্রীর প্রতিক্রিয়া বুঝতে পেরে বুয়েটের ছাত্রকল্যাণ পরিচালক স্মরণিকাটি বাজেয়াফত করার নির্দেশ দেন। তিনি মুমুকে তাঁর বক্তব্য প্রত্যাহারের পরামর্শ দেন। অনুরূপ দাবি জানায় ছাত্রদল। ছাত্র ইউনিয়ন নেত্রী মুমু বক্তব্য প্রত্যাহারে অস্বীকৃতি জানান এবং দেশে সাংস্পর্দায়িক